

■ রাসূল [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের] গৃহে একদিন

বিভাগ/অধ্যায়ঃ বিষয়সূচী এবং বিস্তারিত

রচয়িতা/সম্প্রকাশকঃ ইসলামহাউজ.কম

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যিকিরের বর্ণনা

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বেশী বেশী আল্লাহ তা'আলার যিকির করতেন। মুসলিম জাতির প্রধান শিক্ষক তাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ইবাদাত ও আল্লাহ তা'আলার সাথে তাঁর অন্তরের যোগাযোগ ছিল সুদৃঢ়। তাঁর জীবনের পূর্বাপর সকল গুনাহ ক্ষমা করে দেয়া হয়েছিল। এরপরও তিনি আল্লাহর প্রশংসা, তাঁর শুকরিয়া জ্ঞাপন, এন্টেগফার ব্যতীত এক মূহূর্ত সময়ও অতিবাহিত করতেন না!। তিনি ছিলেন শুকর গুজার বান্দা এবং শুকরিয়া জ্ঞাপনকারী ও আল্লাহ তা'আলার প্রশংসাকারী রাসূল। তিনি তাঁর প্রভূর মর্যাদা সম্পর্কে সম্মক জ্ঞান লাভ করেই তাঁর প্রশংসা করতেন, করতেন তাঁর সমীপে প্রার্থনা, তাঁরই দিকে প্রত্যাবর্তন করতেন। তিনি স্বীয় সময়ের মূল্য সম্পর্কে বুঝতেন বলেই তিনি তা হতে উপকৃত হতে পারেছিলেন, আর সে সময়কে তিনি আল্লাহর অনুসরণ ও তাঁর ইবাদাতে কাটানোতেই ছিলেন সচেষ্ট।

আয়েশা রাদিয়াল্লাহু আনহা বলেন:

«كَانَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - يَذْكُرُ اللَّهَ تَعَالَى عَلَى كُلِّ أَحْيَانٍ».

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সর্বদায় আল্লাহ তা'আলার যিকির করতেন।[1]

ইবনে আবাস রাদিয়াল্লাহু আনহুমা হতে বর্ণিত, তিনি বলেন: আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এক বৈঠকে একশত বার এ দোয়া পড়তে শুনেছি:

رَبِّ اغْفِرْلِيْ وَتُبْ عَلَيْ إِنَّكَ أَنْتَ التَّوَابُ الرَّحِيمُ

অর্থাৎ হে আল্লাহ! তুমি আমাকে ক্ষমা করো ও আমার তাওবাকে কবূল করে নাও, নিশ্চয়ই তুমি দয়ালু ও তাওবা কবূলকারী।[2]

আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু বলেন:

سمعت رسول الله - صلى الله عليه وسلم - يقول: «وَاللَّهِ إِنِّي لَا سْتَغْفِرُ اللَّهَ وَأَتُوبُ إِلَيْهِ فِي الْيَوْمِ أَكْثَرُ مِنْ سَبْعِينَ مَرَّةً».

আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি: তিনি বলেন: আল্লাহর শপথ আমি প্রতি দিন সন্তরের অধিক বার আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা ও তওবা করে থাকি।[3]

ইবনে উমার রাদিয়াল্লাহু আনহুমা বলেন: আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এক বৈঠকে একশত বার এ দোয়া পড়তে শুনেছি:

رَبِّ اغْفِرْلِيْ وَتُبْ عَلَيْ إِنَّكَ أَنْتَ التَّوَابُ الرَّحِيمُ

অর্থাৎ হে আল্লাহ! তুমি আমাকে ক্ষমা করো ও আমার তাওবাকে কবূল করে নাও, নিশ্যই তুমি দয়ালু ও তাওবা কবূলকারী।[4]

মুসলিম জননী উম্মু সালামাহ রাদিয়াল্লাহু আনহা বলেন: তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে থাকা কালিন এ দোয়াটি বেশী পাঠ করতেন:

يَا مُقَلِّبَ الْقُلُوبِ تَبِّعْ قَلْبِيْ عَلَى دِينِكَ

অর্থাৎ হে অন্তর পরিবর্তনকারী! তুমি আমার অন্তরকে তোমার দ্বীনের উপর প্রতিষ্ঠিত রাখো।[5]

ফুটনোট

[1] মুসলিম, হাদিস: ৩৭৩

[2] আবু দাউদ, হাদিস: ১৫১৬

[3] বুখারী, হাদিস: ৬৩০৭

[4] আবু দাউদ, হাদিস: ১৫১৬

[5] তিরমিয়ী, হাদিস: ২১৪০

Source — <https://www.hadithbd.com/books/link/?id=8394>

ৱ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন